



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর

বরিশাল বিমানবন্দর, বরিশাল।



নথি নং - ৩০.৩১.০৬০০.৬২১.০৮.০১৩.২২. ৬২৭

তারিখ: ২৪/১১/২০২২ খ্রি.

“ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন বরিশাল বিমানবন্দরের কারপার্কিং ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

০১.	সদর দপ্তরের অনুমোদনকৃত সূত্র নং ও তারিখ	:	৩০.৩১.০০০০.২৩১.০৩.০০৭.১৭/৫৮৬; তারিখ: ২৬/১০/২০২২ খ্রি.।
০২.	দরপত্র আহ্বানের পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (Open Tendering Method)।
০৩.	ইজারার মেয়াদ	:	প্রাথমিকভাবে হস্তান্তরের তারিখ হতে ৩০/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত (আর্থিক সন বিবেচনায় ০১(এক) বছর হিসেবে গণ্য হবে)।
০৪.	প্রতি সেট ইজারা দরপত্রের মূল্য	:	১,০০০/- (এক হাজার) টাকা মাত্র + ১৫% ভ্যাট (অফেরতযোগ্য)।
০৫.	আর্নেস্টম্যানি	:	আর্নেস্টম্যানি হিসাবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিমানবন্দর ব্যবস্থাপক, বরিশাল বিমানবন্দর, বরিশালের অনুকূলে জমা করে ইজারা দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৬.	কর্তৃপক্ষের ন্যূনতম গড় ইজারা মূল্য (বার্ষিক)	:	৩,০২,৮০৫/- (তিন লক্ষ দুই হাজার আটশত পাঁচ) টাকা।
০৭.	ইজারা দরপত্র বিক্রয়ের স্থান	:	অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত স্থান হতে ইজারা দরপত্র সিডিউল ক্রয় করা যাবে: ১। বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, বরিশাল বিমানবন্দর, বরিশাল।
০৮.	ইজারা দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	২১/১২/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
০৯.	ইজারা দরপত্র দাখিলের স্থান	:	বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, বরিশাল বিমানবন্দর, বরিশাল।
১০.	ইজারা দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	:	২২/১২/২০২২ খ্রিঃ তারিখ, সময় ৪ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত।
১১.	ইজারা দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	:	বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, বরিশাল বিমানবন্দর, বরিশাল। ২২/১২/২০২২খ্রিঃ তারিখ, বেলাঃ ১২.৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র বাস্তব খোলা হবে।

অন্যান্য শর্তাবলী :

- নিজ নিজ সংস্থা / প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে।
- সীলমোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে।
- ইজারা দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।
- অনিবার্য কারণবশতঃ অফিস বন্ধ থাকলে পরবর্তী প্রথম কার্য দিবসে একই সময়ে দরপত্র উন্মুক্তকরণ অনুষ্ঠিত হবে।

A. Rakim
28/11/2022

মোঃ আব্দুর রহিম তালুকদার

বিমানবন্দর ব্যবস্থাপক

বরিশাল বিমানবন্দর, বরিশাল।

ইমেইল: apmbarisal@caab.gov.bd

ফোনঃ ০২-৪৭৮৮৬৯৮১৯